13 APR 2017
8

সংবাদ

### বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়
### গণমাধ্যমে তথ্য নিয়ে আদেশ

# প্রোভিসির প্রতিবাদ আদেশটি কালো বিধি

নিজস্ব বার্তা পরিবেশক

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে তথ্য গণমাধ্যমকে জানানোর অধিকার শুধু রেজিস্ট্রার ও ভিসির। এমন অফিস- আদেশের প্রতিবাদ জানিয়েছেন প্রোভিসি প্রফেসর ডা. এএসএম জাকারিয়া স্বপন। গতকাল তার স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে তিনি বলেছেন, ওই অফিস আদেশের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসহ সব স্তরের মানুষের কণ্ঠরোধ করা হচ্ছে। যা গণতান্ত্রিক ব্যবস্থায় কাম্য নয়। উক্ত অফিস আদেশটি একটি কালো বিধি, যা স্বৈরাচারী মনোভাবের প্রকাশ।

প্রোভিসি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা লড়াই সংগ্রামের মাধ্যমে স্বৈরাচারের করালগ্রাস থেকে গণতান্ত্রিক ধারা প্রতিষ্ঠাসহ মানুষের মৌলিক অধিকার নিশ্চিত করেছে। জনগণের স্বাস্থ্যসেবা প্রদান ও চিকিৎসা শিক্ষা উন্নয়নের লক্ষ্যে তিনি এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেন। এছাড়াও বিশ্বমানের স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে জাতির পিতার নামে প্রতিষ্ঠিত এই বিশ্ববিদ্যালয়ে নানা অনিয়ম ও বিশৃঙ্খলার কারনে অর্জিত সুনাম এখন ক্ষুণ্ণ হচ্ছে।

বিশ্ববিদ্যালয়ের সুনাম ও স্বচ্ছতা প্রতিষ্ঠা আমাদের সবার দায়িত্ব ও কর্তব্য। একটি কালো আদেশ বিশ্ববিদ্যালয়ের তথ্য গণমাধ্যমে পরিবেশন করার অধিকার কেবল রেজিস্ট্রার ও ভাইস চ্যান্সেলরের বলে প্রতিষ্ঠা করে সবার কণ্ঠরোধের প্রয়াস কোন সত্যকে গোপন করার জন্য তা সবার চিন্তার অবকাশ রাখে বলে সংবাদ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।